25

তারিখ 02 AUG 1994
পৃষ্ঠা ৬ কলাম ৪

দৈনিক বাংলা

## জনমত

## বেসরকারী স্কুলের শিক্ষক-কর্মচারীদের বেতন

বাংলাদেশের বেসরকারী কলেজ, স্কুল, ও মাদ্রাসায় কর্মরত শিক্ষক-কর্মচারীদের জন্য জাতীয় বেতন স্কেল চালু করা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের এক যুগান্তকারী পদক্ষেপ। সে ধারাবাহিকতা ও পর্যায়ক্রমিক আন্দোলনের ফলশ্রুতিতে বর্তমান গণতান্ত্রিক সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সদয় সম্মতিতে শিক্ষক-কর্মচারীদের বেতনের শতকরা ৮০ ভাগ ও একটি টাইম স্কেল প্রদানের আশ্বাস পাওয়া গেছে। ইতিপূর্বে শিক্ষা অধিদফতর থেকে প্রতি মাসের বেতন পরবর্তী মাসের বিভিন্ন সময় দেয়া হতো। সম্প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন, প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের বেতন বাবত সরকারী অংশ প্রদান করা হবে। গত দু'মাস যাবৎ বেতন প্রাপ্তি খুবই অনিয়মিত হচ্ছে। জুন ৯৪ মাসের বেতন আগস্টের ১৫ তারিখের মধ্যে উত্তোলনের সময়সীমা দেয়া হয়েছে। তিন মাসে এক মাসের বেতন পেয়ে শিক্ষক-কর্মচারীরা কিভাবে দিনাতিপাতি করবেন, তা বিবেচনার দাবি রাখে। তবে তিন মাস পর হলেও এক মাসের বেতন যদি মাননীয় শিক্ষামন্ত্রীর ভাষ্য অনুযায়ী যে কোন মাসের ১৫ তারিখের মধ্যে প্রদান করা হয়, তা ভিন্ন কথা। এ ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দৃষ্টি কামনা করছি।

জনৈক শিক্ষক
চৌহালী
সিরাজগঞ্জ